

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ মে ২০১৬/ ২৮ বৈশাখ ১৪২৩

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-৯২ বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস)-এর বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত এবং অধিকতর কার্যকর করিবার লক্ষ্যে সরকার নিম্নরূপভাবে 'সিআরভিএস বাস্তবায়ন কমিটি' গঠন করিয়াছে:

**(ক) কমিটির গঠন:**

০১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ	সভাপতি
০২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য
০৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়	সদস্য
০৪. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	সদস্য
০৫. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সদস্য
০৬. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
০৭. মহাপরিচালক, এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ	সদস্য
০৮. মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য
০৯. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেল (জন্ম ও মৃত্যু নিবন্ধন)-এর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ	সদস্য
১০. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
১১. যুগ্ম সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
১২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়	সদস্য
১৩. পলিসি এডভাইজার, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
১৪. অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য-সচিব

**(খ) কমিটির কার্যপরিধি:**

- ক) স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় সাধনে সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটিকে সহায়তা প্রদান;
- খ) সিআরভিএস বাস্তবায়নের জন্য জাতীয় সিআরভিএস কৌশল প্রণয়ন কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান;
- গ) সিআরভিএস-এর ডিজাইন/পরিকল্পনা তত্ত্বাবধান এবং এ সংক্রান্ত গঠিত কারিগরি কমিটিকে পরামর্শ প্রদান;
- ঘ) সিআরভিএস বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- ঙ) সিআরভিএস বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা নিরসন;
- চ) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির নিকট প্রতিবেদন পেশ ও সুপারিশ প্রদান; এবং
- ছ) সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটি প্রদত্ত সিআরভিএস বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করিতে পারিবে। মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস সচিবালয় উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন : ৯৫১১০৩৬।

উপপরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল ]